

আপনার বিমা কোম্পানি কি আপনার কথা শুনছে?



যদি আপনার বিমা কোম্পানি
আপনার অভিযোগের নিষ্পত্তি না-করে থাকে তাহলে
যোগাযোগ করুন

অইআরডিএ গ্রিভ্যান্স কল সেন্টার

টোল ফ্রি নং : 155255

এখানে আপনার অভিযোগ লিপিবদ্ধ করুন এবং তার স্থিতি সহজে খোঁজ
নিন অথবা আমাদের ই-মেইল করুন complaints@irda.gov.in-এ
কিংবা লগ-অন করুন www.igms.irda.gov.in



দ্বারা জনহিতে প্রচারিত

বিমা বিনিয়ামক ও বিকাশ প্রাধিকরণ


**INSURANCE REGULATORY AND
DEVELOPMENT AUTHORITY**

বিমা সংবর্ধন। বিমাত্রাহককে সুরক্ষাদান

www.irda.gov.in



বিমা বিনিয়ামক ও বিকাশ প্রাধিকরণ
**INSURANCE REGULATORY AND
DEVELOPMENT AUTHORITY**



জীবন বিমা
সম্পর্কে পুস্তিকা

সূচিপত্র :

1. এই পুস্তিকা সম্বন্ধে	1
2. জীবন বিমা	2
3. বারংবার জিজ্ঞাসিত প্রশ্ন	8
4. পলিসিধারককে প্রদেয় পরিষেবার টিএটি	18
5. যদি আপনার কোনো অভিযোগ থাকে	19

1. এই পুস্তিকা সম্বন্ধে

এই পুস্তিকাটি জীবন বিমা সম্পর্কে নির্দেশাত্মক রূপে বিমা বিনিয়ামক ও বিকাশ প্রাধিকরণ (আইআরডিএ) দ্বারা প্রস্তুত এবং শুধু সাধারণ তথ্যই প্রদান করে। এখানে প্রদত্ত কোনো তথ্যই বিমা পলিসির শর্ত ও নিয়মাবলি প্রতিস্থাপন বা বাতিল করে না।

পলিসির বিষয়ে সুনির্দিষ্ট তথ্য কিংবা অন্য কোনো অতিরিক্ত তথ্যের জন্য দয়া করে কোনো লাইসেন্সধারী এজেন্ট অথবা ব্রোকার অথবা আইআরডিএ-র সঙ্গে রেজিস্ট্রিকৃত কোনো বিমা কোম্পানির সঙ্গে যোগাযোগ করুন।

2. জীবন বিমা

- জীবন বিমা হচ্ছে এমন এক আর্থিক কভার যা মানব জীবনের আকস্মিক স্থিতির সঙ্গে সম্পর্কিত, যেমন মৃত্যু, বিকলাঙ্গতা, দুর্ঘটনা, অবসৃতি ইত্যাদি। মানব জীবন প্রাকৃতিক ও দুর্ঘটনার কারণে মৃত্যু ও বিকলাঙ্গতার ঝুঁকির সম্মুখীন হতে পারে। যখন মানুষের জীবনে মৃত্যু আসে কিংবা কোনো ব্যক্তি স্থায়ী বা সাময়িক ভাবে বিকলাঙ্গতার শিকার হয় তখন পরিবারের রোজগারও কমে যায়।
- যদিও মানুষের জীবনের মূল্য নির্ধারণ করা যায় না, তবু পরবর্তী বছরগুলিতে রোজগারহানির ভিত্তিতে একটা আর্থিক অঙ্ক স্থির করা যেতে পারে। সেজন্যই জীবন বিমায় প্রতিশ্রুত অঙ্ক (অথবা ক্ষতির ক্ষেত্রে প্রদেয় গ্যারান্টিযুক্ত ধনরাশি) 'লাভ'-এর রূপে দেওয়া হয়। পলিসির মেয়াদকালে বিমাকৃত ব্যক্তির মৃত্যুতে কিংবা দুর্ঘটনায় বিকলাঙ্গতার কারণে জীবন বিমা প্রোডাক্ট একটা নির্দিষ্ট অঙ্কের ধনরাশি প্রদান করে।
- **আপনার জীবন বিমা কেনা উচিত কেন :**
আমরা সকলেই নিম্নলিখিত ঝুঁকির সম্মুখীন হই:
অতন্ত শীঘ্র মৃত্যু
অতন্ত দীর্ঘ জীবন
জীবন বিমার প্রয়োজন হয় :
 - আপনার মৃত্যু হলে আপনার নিকটতম পরিবার যাতে কিছুটা আর্থিক সহায়তা পায় তা নিশ্চিত করতে
 - আপনার সন্তানের শিক্ষা ও অন্যান্য প্রয়োজনে আর্থিক ব্যবস্থা করতে
 - অবসর গ্রহণের পরে আপনার যাতে লাগাতার আয়ের উৎস থাকে সেজন্য ভবিষ্যৎ সঞ্চয়ের পরিকল্পনা করতে

- গুরুতর অসুস্থতা বা দুর্ঘটনার ফলে আপনার রোজগার কমে গেলে অতিরিক্ত আয়ের পথ সুনিশ্চিত করতে
- অন্যান্য তাৎক্ষণিক আর্থিক প্রয়োজন এবং জীবনশৈলীর প্রয়োজন পূরণ করতে
- **কার জীবন বিমা প্রয়োজন :**
প্রাথমিকভাবে, এমন যে-কোনো ব্যক্তির জীবন বিমা প্রয়োজন যার একটি পরিবার রয়েছে এবং যে রোজগার করে। যেহেতু তাদের গৃহিণীদের পরিবারের প্রতি পরিষেবার আর্থিক মূল্য রয়েছে সেহেতু তাদেরও জীবন বিমা কভার প্রয়োজন। এমন-কি সন্তানদের ভবিষ্যৎ রোজগারের সম্ভাবনা ঝুঁকিযুক্ত হওয়ায় তারাও জীবন বিমার জন্য বিবেচিত হতে পারে।
- **কতটা জীবন বিমা প্রয়োজন :**
আপনার কী ধনরাশির জীবন বিমা কভারেজ দরকার সেটা বেশ কয়েকটি বিষয়ের উপর নির্ভর করবে, যেমন:
 - আপনার আগ্রহের সংখ্যা কত
 - আপনার কোনো দেনা বা বন্ধক রয়েছে কিনা
 - আপনার পরিবারের জন্য আপনি কী ধরনের জীবনশৈলী দিতে চান
 - আপনার সন্তানদের শিক্ষার জন্য আপনার কত টাকা প্রয়োজন
 - আপনার বিনিয়োগের প্রয়োজনসমূহ কী
 - আপনার সামর্থ্য কতটা
 - আপনার বিমার প্রয়োজন এবং সঠিক ধরনের কভার সম্পর্কে ধারণা পাওয়ার জন্য আপনার একজন বিমা এজেন্ট কিংবা ব্রোকারের সাহায্য নেওয়া উচিত।

- বিমা পলিসিকগুলির প্রকার :

মেয়াদি বিমা (টার্মইনসিওরেন্স)

মেয়াদি বিমা দ্বারা আপনি এক নির্দিষ্ট সময়কালের জন্য সুরক্ষা প্রাপ্তি বেছে নিতে পারেন। মৃত্যু কিংবা পূর্ণ ও স্থায়ী বিকলাঙ্গতার ক্ষেত্রে (যদি সুবিধা প্রদান করা হয়), আপনার আশ্রিতকে লাভ মিটিয়ে দেওয়া হবে। মেয়াদি বিমায়, যার জীবন অ্যাসিয়ার-করা হয় সে যদি মেয়াদ পর্যন্ত বেঁচে থাকে তাহলে সাধারণত কোনো অর্থই প্রদেয় নয়।

সম্পূর্ণ জীবন বিমা (হোল লাইফ ইনসিওরেন্স)

সম্পূর্ণ জীবন বিমার সঙ্গে আজীবন সুরক্ষার গ্যারান্টি দেওয়া হয় আপনাকে। সম্পূর্ণ জীবন বিমা মৃত্যুকালীন লাভ দেয়, যাতে আপনি নিশ্চিত হতে পারেন যে আপনার মৃত্যুর পরে আর্থিক ক্ষতির বিরুদ্ধে আপনার পরিবার সুরক্ষিত। এটা আপনার উত্তরাধিকারীদের জন্য উত্তরাধিকার হিসেবে সম্পদ সৃষ্টির একটা আদর্শ পছন্দও বটে।

এনডাউমেন্ট পলিসি

এনডাউমেন্ট পলিসি হচ্ছে একটি নির্দিষ্ট ম্যাচিওরটি তারিখ সহ সঞ্চয়ের সঙ্গে যুক্ত এক বিমা পলিসি। মেয়াদকালে আপনার দুর্ভাগ্যজনক মৃত্যু বা বিকলাঙ্গতার ঘটনায় অ্যাসিয়ার-করা অঙ্ক আপনার উপস্থিতভোগীকে দেওয়া হবে। আপনি মেয়াদপূর্তি পর্যন্ত বেঁচে থাকলে পলিসিটির ম্যাচিওরটি খনরাশি প্রদেয়।

মানি ব্যাক প্ল্যান অথবা ক্যাশ ব্যাক প্ল্যান

এই প্লানের অধীনে অ্যাসিয়ার-করা অঙ্কের কিছু শতাংশ সারভাইভ্যাল লাভ হিসেবে নির্দিষ্ট সময়ের ব্যবধানে বিমাকৃত

ব্যক্তিকে ফেরত দেওয়া হয়। মেয়াদ শেষ হলে বাকি অর্থ ম্যাচিওরটি মূল্য হিসেবে দেওয়া হয়। সারভাইভ্যাল লাভ যা-ই দেওয়া হোক-না কেন, অ্যাসিয়ার-করা পূর্ণ অঙ্কের জন্যই জীবনের ঝুঁকি কভার করা যেতে পারে।

চিলড্রেন পলিসিসমূহ

এই ধরনের পলিসিগুলি সন্তানের লাভের জন্য পিতামাতা বা সন্তানের জীবনের উপর নেওয়া হয়। এইরকম পলিসি দ্বারা পিতামাতা সন্তানের জীবনের বিভিন্ন অবস্থায় অর্থ প্রাপ্তির পরিকল্পনা করতে পারে। কিছু কিছু বিমাকারী পলিসির মেয়াদকালের মধ্যে পিতামাতা বা প্রস্তাবকের দুর্ভাগ্যজনক মৃত্যুর ক্ষেত্রে প্রিমিয়াম মকুব অফার করে।

অ্যানুইটি (পেনশন) প্ল্যান

কোনো কর্মচারী যখন অবসর নেয় তখন সে আর নিয়মিত বেতন পায় না, অথচ তার নিয়মিত রোজগারের প্রয়োজন অব্যাহত থাকে। প্রভিডেন্ট ফান্ড ও গ্র্যাটুইটির মতো অবসরকালীন সুবিধা এক খোঁকে দেওয়া হয় যা প্রায়শ দ্রুত ব্যয়িত হয়ে যায় কিংবা দক্ষতার সঙ্গে বিনিয়োগ করা হয় না, আর তার ফলে কর্মচারীটি অবসর-পরবর্তী দিনগুলিতে নিয়মিত রোজগারবিহীন হয়ে পড়ে। সেজন্য পেনশন হচ্ছে অবসরকালীন ব্যবহার এক আদর্শ উপায়, কারণ এটা নিয়মিত রোজগার রূপে সুবিধা। যখন আমাদের নিয়মিত রোজগার থাকে সেই সময়ে বুড়ো বয়সের জন্য অর্থের বন্দোবস্ত করাটাই বিচক্ষণতার পরিচায়ক, যাতে প্রয়োজনের সময়ে সেই অর্থ সাহায্যে লাগে। বৃদ্ধবয়সে আর্থিক স্বাধীনতা প্রত্যেকের জন্যই অত্যাবশ্যক।

দুই প্রকারের অ্যানুইটি (পেনশন প্ল্যান) রয়েছে।

• তৎকালীন অ্যানুইটি

তৎকালীন অ্যানুইটির ক্ষেত্রে, বিমা কোম্পানি থেকে অ্যানুইটি পেমেন্ট তৎক্ষণাৎ শুরু হয়। তৎকালীন অ্যানুইটির ক্রয়মূল্য (প্রিমিয়াম) একটিমাত্র কিস্তিতে খোক টাকায় মিটিয়ে দিতে হয়।

• ডেফার্ড অ্যানুইটি

ডেফার্ড অ্যানুইটি পলিসির অধীনে, বিমাকৃত ব্যক্তি বিমা কোম্পানিকে ভেস্টিং বয়স / ভেস্টিং তারিখ পর্যন্ত নিয়মিত অংশ প্রদান করে। তার কাছে একটি প্রিমিয়াম হিসেবে টাকা দেওয়ারও বিকল্প রয়েছে। তহবিলটি (ফান্ড) সুদ সহ জমা হতে থাকবে এবং সেই অর্থ ভেস্টিং তারিখে পাওয়া যাবে। বিমা কোম্পানি এই ফান্ডের বিনিয়োগের ব্যাপারে যত্ন নেবে এবং পলিসিধারকের কাছে ভেস্টিং বয়সে / ভেস্টিং তারিখে এই কর্পাস ফান্ডের এক-তৃতীয়াংশ তুলে নেওয়ার বিকল্প রয়েছে, যা করমুক্ত। ফান্ডের বাকি দুই-তৃতীয়াংশ নিয়মিত আয় সম্প্রদান করার জন্য ব্যবহৃত হয়। (অ্যানুইটি (পেনশন) ক্রয়ের লক্ষ্যে ব্যবহৃত হয়।)

ইউনিট লিংকড বিমা পলিসি

ইউনিট লিংকড ইনসিওরেন্স পলিসি (ইউলিপ) হচ্ছে বিনিয়োগ ও সুরক্ষার সংযোগ এবং কীভাবে আপনার প্রিমিয়াম বিনিয়োগ করা হবে সে-সম্বন্ধে নমনীয়তা ও পছন্দের অনুমতি দেয়। ইউনিট লিংকড প্ল্যানগুলিতে পোর্টফোলিওয় বিনিয়োগের ঝুঁকি আপনাকেই আপনাকেই বহন করতে হয় যেহেতু আপনিই বিনিয়োগকারী।

বিশেষরূপে, পলিসিটি আপনাকে কয়েকটি ফান্ডের বিকল্প

দেবে যেখানে আপনি বিনিয়োগ করতে পারেন। পলিসির জীবনকালে বিভিন্ন ফান্ডের মধ্যে বদলানোরও নমনীয়তা রয়েছে আপনার। ইউলিপের মূল্য আপনি যে-ফান্ডে বিনিয়োগ করেছেন তার বিদ্যমান মূল্যের সঙ্গে যুক্ত, যা আবার ফান্ডের কর্মকুশলতার ওপর নির্ভরশীল। মৃত্যু বা স্থায়ী বিকলাঙ্গতার ক্ষেত্রে, পলিসিটি অ্যাসিয়ার-করা ধনরাশি (যে-সীমা পর্যন্ত আপনাকে কভার করা হয়েছে) দেবে, যাতে এটা জেনে আপনি আশ্বস্ত বোধ করতে পারেন যে আপনার পরিবার অকস্মাৎ আর্থিক ক্ষতি থেকে সুরক্ষিত। ইউলিপে ঝুঁকি ও রিওয়ার্ডের ভিন্ন ভিন্ন ডিগ্রি রয়েছে। ইউনিট লিংকড পলিসিতে প্রযোজ্য বিভিন্ন চার্জ রয়েছে এবং শুধু প্রিমিয়ামের বাকি রাশিই আপনার পছন্দ-করা/ফান্ডগুলিতে বিনিয়োগ করা হয়। আপনাকে মোট কত টাকা খরচ করতে হবে সেটা বোঝার জন্য আপনার বিমাকারী বা এজেন্ট বা রোকারকে জিগেস করে বুঝে নেওয়াটা গুরুত্বপূর্ণ। ইউলিপ পলিসি কেনার সিদ্ধান্ত নেওয়ার আগে আপনার ঝুঁকি বহন ও বিনিয়োগের ক্ষমতার মূল্যায়ন জরুরি। লক-ইন সময়কাল, সারেন্ডার মূল্য, সারেন্ডার চার্জ ইত্যাদি সহ পলিসির বৈশিষ্ট্যগুলি বোঝার জন্য আপনাকে অবশ্যই পলিসির নিয়ম ও শর্তাবলি ভালো করে পড়ে নিতে হবে।

উল্লিখিত সব ধরনের প্ল্যানই ইউলিপ প্ল্যানের অধীনে অফার করা যেতে পারে।

3. জীবন বিমা সম্পর্কে ঘনঘন জিজ্ঞাসিত প্রশ্নাবলি

পরম্পরাগত জীবন বিমা

- প্র. একটি পলিসি কেনার সিদ্ধান্ত নেওয়ার আগে আমার কী দেখে নেওয়া উচিত?
- উ. আপনাকে অবশ্যই দেখতে ও যাচাই করে নিতে হবে যে ফেরতলাভের গ্যারান্টি লভ্য কি না, লক-ইন সময়কাল (পিরিয়ড) কত, প্রদেয় প্রিমিয়ামের বিস্তারিত বিবরণ, প্রিমিয়াম ডিফল্টের পরিণাম কী, রিভাইভ্যালের শর্ত কী, পলিসির নিয়মাবলি কী, কী কী চার্জ কেটে নেওয়া হবে, ঋণ পাওয়া যাবে কি না, ইত্যাদি।
- প্র. প্রস্তাব ও সেখানে অন্তর্ভুক্ত উদ্ঘাটনের গুরুত্ব কী?
- উ. প্রস্তাবে লিপিবদ্ধ উদ্ঘাটনই কোনো পলিসির দায়-গ্রহণের (আন্ডাররাইটিং) ভিত্তি এবং সেজন্য কোনো ভুল বিবৃতি বা উদ্ঘাটন দাবি নাকচের কারণ ঘটতে পারে।
- প্র. জীবন বিমায় কী কী বিশেষ ডাক্তারি রিপোর্ট দাখিল করা প্রয়োজন?
- উ. কিছু কিছু প্রস্তাবের ক্ষেত্রে প্রবেশের বয়স, ম্যাচিওরিটিতে বয়স, অ্যাসিয়ার-করা অঙ্ক, ব্যক্তিগত ও পরিবারের ইতিহাস প্রভৃতির উপর নির্ভর করে ঝুঁকি বিবেচনার জন্য বিশেষ ডাক্তারি রিপোর্ট প্রয়োজন হতে পারে। উদাহরণস্বরূপ, প্রস্তাবকের ওজন যদি অত্যধিক হয় তাহলে ইলেকট্রো কার্ডিয়োগ্রাম, গ্লুকোজ টলারেন্স পরীক্ষা ইত্যাদি দরকার হতে পারে, আর অত্যধিক কম ওজনের প্রস্তাবকের জন্য রিপোর্ট সহ বুক ও ফুসফুসের এক্স-রে প্রয়োজন হতে পারে।
- প্র. পরম্পরাগত জীবন বিমা পলিসিতে পেইড-আপ মূল্য বলতে কী বোঝায়?
- উ. কোনো নির্ধারিত সময়কালের (পিরিয়ডের) জন্য অথবা

তার পর পর্যন্ত যদি প্রিমিয়াম জমা দেওয়া থাকে এবং পরবর্তী প্রিমিয়াম দেওয়া না-হয়, তাহলে বিমাকৃত অঙ্ক (বিঃ অঃ) অঙ্ক আনুপাতিক হারে হ্রাস পায়, যা বিমাকৃত পূর্ণ রাশির সম অনুপাত বহন করে, কেননা বাস্তবে প্রদত্ত প্রিমিয়ামের সংখ্যা পলিসিতে মূলত নির্দিষ্ট মোট সংখ্যার সঙ্গে সম্পর্কিত। উদাহরণস্বরূপ, অ্যাসিয়ার-করা অঙ্ক যদি 1 লক্ষ টাকা এবং প্রদেয় প্রিমিয়ামের সংখ্যা 20 হয় (20 বছরের পলিসি, প্রিমিয়ামের মোড বা ধরন বাৎসরিক ধরে) এবং 10টি বার্ষিক প্রিমিয়াম দেওয়ার পরে ডিফল্ট হয়, তাহলে পলিসিটি টা.50,000/- পেইড-আপ মূল্য হাশিল করে। পেইড-আপ মূল্য = প্রদত্ত প্রিমিয়ামের সংখ্যা / প্রদেয় প্রিমিয়ামের সংখ্যা x বিঃ অঃ = $10 / 20 \times 100000 = 50000/-$ । এর অর্থ হল, যে-তারিখে 11তম প্রিমিয়াম ডিউ ছিল সেদিন থেকে ব্যতীত পলিসিটি আগের মতোই কার্যকর, শুধু মূল 1,00,000 টাকার পরিবর্তে অ্যাসিয়ার-করা অঙ্ক 50,000 টাকা ধরা হবে। এই অঙ্কের সঙ্গে পলিসি ল্যান্স হওয়ার পূর্বে ইতিমধ্যেই ভেস্টেড (জমা হওয়া) বোনাসও যোগ করা হয়। উদাহরণ - ল্যান্সের তারিখ পর্যন্ত জমা হওয়া বোনাস যদি 35,000 টাকা হয় তাহলে সম্পূর্ণ পেইড-আপ মূল্য হবে $50000 + 35000 = 85000$ ।

- প্র. পরম্পরাগত জীবন বিমায় সারেন্ডার মূল্য কীভাবে হিসেব করা হয়?
- উ. এই পেইড-আপ মূল্যের একটা শতাংশ হিসেবে সারেন্ডার মূল্য অনুমোদিত হয়। সারেন্ডার মূল্য উপাদান অনুযায়ী সারেন্ডার মূল্য গণনা করা হয়, যা প্রদত্ত প্রিমিয়াম ও অতিবাহিত সময়কালের উপর নির্ভর করে।
- প্র. পরম্পরাগত জীবন বিমা পলিসির অধীনে পলিসির উপর ঋণ কীভাবে হিসেব করা হয়?

- উ. পলিসিটি যদি ঋণ প্রদান অনুমোদন করে তাহলে সারেন্ডার মূল্যের একটি শতাংশ হিসেবে ঋণ মঞ্জুর করা হয়।
- প্র. ম্যাচিওরিটি দাবির ক্ষেত্রে কী কী দাখিল করা প্রয়োজন?
- উ. সাধারণত বিমা কোম্পানি পলিসিটির ম্যাচিওরিটি তারিখের কমপক্ষে 2 থেকে 3 মাস আগে ডিসচার্জ ভাউচার সহ পলিসিধারককে দাবির প্রদেয় অঙ্ক জানিয়ে একটি বার্তা পাঠাবে। স্বাক্ষরিত ও সাক্ষীযুক্ত পলিসি বন্ড ও ডিসচার্জ ভাউচার অবিলম্বে বিমা কোম্পানিকে ফেরত পাঠাতে হবে যাতে বিমা কোম্পানি পেমেন্ট করতে সক্ষম হয়। যদি পলিসিটি অন্য কোনো ব্যক্তির নামে করা হয়ে থাকে সেক্ষেত্রে দাবির অর্থ শুধু স্বত্ব-গ্রহীতাকেই প্রদান করা হবে, যে ডিসচার্জ ভাউচার দেবে।
- প্র. নিষ্পত্তি (সেটলমেন্ট) বিকল্পের অর্থ কী?
- উ. নিষ্পত্তি বিকল্পের অর্থ এক নির্দিষ্ট উপায়ে (চুক্তির প্রারম্ভেই নিয়ম ও শর্তাবলি যেভাবে নির্ধারিত হয়েছিল) পলিসিধারককে ম্যাচিওরিটি ধনরাশি পাওয়ার যে-সুবিধা দেওয়া হয়।
- প্র. পলিসিটি বলবৎ থাকাকালীন অ্যাসিয়ার-করা জীবনের মৃত্যুর ক্ষেত্রে সাধারণত কী কী নথিপত্র দাখিল করা প্রয়োজন?
- উ. সাধারণত যে-সব মূল নথিপত্র প্রয়োজন তার মধ্যে রয়েছে মৃত্যুর প্রমাণপত্র, দাবি ফর্ম ও পলিসি বন্ড। অন্যান্য নথিপত্রের মধ্যে, যেমন প্রযোজ্য, মেডিক্যাল অ্যাটেনডেন্টের সার্টিফিকেট, হাসপাতালের প্রমাণপত্র, নিয়োগকর্তার সার্টিফিকেট, পুলিশি পরীক্ষার রিপোর্ট, ময়না তদন্তের রিপোর্ট ইত্যাদি চাওয়া যেতে পারে। সাধারণ দাবির প্রয়োজনীয়তাসমূহ পলিসি বন্ডেই ঘোষিত থাকে।

ইউনিট লিংকড বিমা পলিসিসমূহ (ইউলিপ)

- প্র. ইউনিট লিংকড পলিসিতে সারেন্ডার মূল্য কীভাবে হিসেব করা হয়?
- উ. সাধারণত সারেন্ডার চার্জ বাদ দিয়ে তহবিল মূল্যই (ফান্ড ভ্যালু) সারেন্ডার মূল্য হিসেবে অভিব্যক্ত।
- প্র. সারেন্ডার, ম্যাচিওরিটি দাবি, সুইচ (বদল) ইত্যাদির জন্য এনএভি নির্ণয়ের পদ্ধতি কী?
- উ. বিমাকারী দ্বারা বিকেল 3.00 টার মধ্যে মধ্যে বৈধ আবেদনপত্র প্রাপ্তির ক্ষেত্রে (যথা সারেন্ডার, ম্যাচিওরিটি দাবি, সুইচ প্রভৃতি), সেই দিনের বন্ধের সময়কার এনএভি প্রযোজ্য।
- বিমাকারী দ্বারা বিকেল 3.00 টার মধ্যে পরে বৈধ আবেদনপত্র প্রাপ্তির ক্ষেত্রে (যথা সারেন্ডার, ম্যাচিওরিটি দাবি, সুইচ প্রভৃতি), পরবর্তী ব্যবসায়িক দিবসের বন্ধের সময়কার এনএভি প্রযোজ্য।
- প্র. ইউনিট তহবিল (ফান্ড) কী?
- উ. পলিসিধারকের বাছাই-করা একটি অথবা একাধিক ফান্ডে যাবতীয় পলিসির অধীনে ঝুঁকি কভার করার জন্য সমস্ত চার্জ ও প্রিমিয়াম কেটে নেওয়ার পর প্রিমিয়ামের আবর্জিত (বিনিয়োগকৃত) অংশ একত্র করে একটি ইউনিট তহবিল গঠন করা হয়।
- প্র. ইউনিট কী?
- উ. এটা ইউনিট লিংকড পলিসিতে ইউনিট তহবিলের একটা উপাদান।
- প্র. ইউলিপ কী ধরনের তহবিল (ফান্ড) অফার করে?
- উ. অধিকাংশ বিমাকারীই বিনিয়োগের লক্ষ্য, ঝুঁকির প্রোফাইল

এবং সময়কাল অনুযায়ী বিস্তৃত রেঞ্জের ফান্ড অফার করে। বিভিন্ন তহবিলের ভিন্ন ভিন্ন ঝুঁকির প্রোফাইল রয়েছে। ফেরতলাভের ক্ষমতাও তহবিল অনুযায়ী ভিন্ন হয়।

প্র. ইউলিপে বিনিয়োগের ফেরতলাভ কি গ্যারান্টিপ্রদত্ত?

উ. ইউলিপ থেকে বিনিয়োগের ফেরতলাভ গ্যারান্টিপ্রদত্ত না-ও হতে পারে। “ইউনিট-লিংকড প্রোডাক্ট / পলিসিতে, বিনিয়োগ পোর্টফোলিয়োতে বিনিয়োগের ঝুঁকি পলিসিধারককেই বহন করতে হয়।” বেছে নেওয়া ইউনিট লিংকড ফান্ডের কর্মকুশলতার উপর নির্ভর করে পলিসিধারক তার বিনিয়োগের উপর লাভ বা লোকসানের সম্মুখীন হতে পারে। এটাও মনে রাখা দরকার, কোনো ফান্ডের অতীত ফেরতলাভ যে ফান্ডটির ভবিষ্যৎ কর্মকুশলতারও সূচক হবে এমন কোনো নিশ্চয়তা নেই।

প্র. ইউলিপে চার্জ, ফি এবং কর্তনসমূহ কী?

নীচে কয়েকটি সাধারণ প্রকারের ফান্ডের নাম দেওয়া হয়েছে যেখানে ঝুঁকির চারিত্র্যলক্ষণের সংকেত লাভ সাধারণ বিবরণ	বিনিয়োগের প্রকৃতি	ঝুঁকির শ্রেণি
ইকুইটি ফান্ড	পুঁজি বৃদ্ধির সাধারণ লক্ষ্য সহ প্রাথমিকভাবে কোম্পানি স্টকে বিনিয়োজিত	মধ্যম থেকে উচ্চ
আয়, বাঁধা সুদ এবং বন্ড ফান্ড	কর্পোরেট বন্ড, সরকারি সিকিউরিটি এবং অন্যান্য বাঁধা আয়ের ইন্সট্রুমেন্ট	মধ্যম
নগদ ফান্ড	কখনো-কখনো মানি মার্কেট ফান্ড হিসেবে জ্ঞাত - নগদ, ব্যাংক ডিপোজিট এবং মানি মার্কেট ইন্সট্রুমেন্ট	কম
ব্যালেন্সড ফান্ড	ইকুইটি বিনিয়োগের সঙ্গে বাঁধা সুদ ইন্সট্রুমেন্ট যুক্ত	মধ্যম

উ. বিভিন্ন বিমাকারী দ্বারা অফার-করা ইউলিপের ভিন্ন-ভিন্ন চার্জ কাঠামো রয়েছে। মোটমুঠি বিভিন্ন ধরনের ফি ও চার্জ নীচে দেওয়া হয়েছে। তবে এটা নোট করা যেতে পারে যে কিছু সময় পরে-পরে বিমাকারীদের ফি ও চার্জ সংশোধনের অধিকার আছে।

প্রিমিয়াম আবণ্টন চার্জ

এটা পলিসির অধীনে ইউনিটসমূহ আবণ্টনের পূর্বে চার্জ হিসেবে আদায় করা প্রিমিয়ামের একটি শতাংশ। কমিশন ব্যয় ছাড়াও এই চার্জে সাধারণত প্রাথমিক ও নবীকরণের ব্যয়ও অন্তর্ভুক্ত।

মটালিটি চার্জ

এটা প্ল্যানের অধীনে বিমা কভারেজের ব্যয় হিসেবে চার্জ। মটালিটি চার্জ বয়স, কভারেজের অঙ্ক, স্বাস্থ্যের অবস্থা প্রভৃতি কয়েকটি কারকের উপর নির্ভর করে।

ফান্ড ব্যবস্থাপনা ফি

এটা ফান্ডের ব্যবস্থাপনার জন্য ধার্য ফি এবং নেট অ্যাসেট ভ্যালু (এনএভি) নির্ধারণের আগে কেটে নেওয়া হয়।

পলিসি / প্রশাসন ব্যয়

প্ল্যানের প্রশাসনের জন্য ইউনিট বাতিলের দ্বারা এই চার্জ ধার্য করা হয়। এটা পলিসির সম্পূর্ণ মেয়াদ জুড়ে একই থাকতে পারে অথবা পূর্ব-নির্ধারিত হারে পরিবর্তিত হতে পারে।

সারেন্ডার চার্জ

পলিসির শর্তাবলিতে যেমন উল্লেখ রয়েছে, সেইভাবে যেখানে প্রযোজ্য, মেয়াদপূর্তির আগেই আংশিক বা পূর্ণ নগদীকরণের জন্য সারেন্ডার চার্জ কেটে নেওয়া হতে পারে।

ফান্ড সুইচিং (বদল) চার্জ

সাধারণত, কোনো চার্জ ছাড়াই প্রতি বছর একটা নির্দিষ্ট সংখ্যক ফান্ড সুইচ (বদল) অনুমোদিত, তার পরের বদল চার্জের অধীন।

সার্ভিস কর (ট্যাক্স) কর্তন

ইউনিট আবন্টনের পূর্বে প্রিমিয়ামের ঝুঁকির অংশ থেকে প্রযোজ্য সার্ভিস কর কেটে নেওয়া হয়।

বিনিয়োগকারীদের নোট করা দরকার, সমস্ত চার্জ এবং ঝুঁকি কভারের প্রিমিয়াম কেটে নেওয়ার পর প্রিমিয়ামের বাকি অংশ ইউনিট ক্রয়ের জন্য উপযোগ্য করা হয়।

প্র. প্রস্তাব স্বাক্ষরের পূর্বে কী যাচাই করা উচিত?

উ. এইসব বিষয়ের জন্য অনুমোদিত বিক্রয় পুস্তিকা যাচাই করে দেখা উচিত :

- পলিসির অধীনে কর্তনযোগ্য সমস্ত চার্জ
- মেয়াদপূর্তির পূর্বে (অকালে) সারেভারে পেমেন্ট
- বৈশিষ্ট্য ও লাভসমূহ
- সীমাবদ্ধতা ও বর্জন
- ল্যান্সেশন ও তার পরিণাম
- অন্যান্য উদ্ঘাটন
- জীবন বিমা কাউন্সিলের বিধান অনুযায়ী 6% ও 10% ফেরতলাভের দুটি দৃশ্য-বিবরণীতে প্রদেয় লাভ দর্শানোর উদাহরণ।

প্র. ইউনিট কেনার জন্যে প্রিমিয়ামের কতটা ব্যবহৃত হয়?

উ. প্রিমিয়ামের প্রদত্ত সম্পূর্ণ অঙ্ক ইউনিট ক্রয়ের জন্য আর্বাণ্টত হয় না। বিভিন্ন চার্জ, ফি ও কর্তনসমূহের ব্যবস্থা করার পর যে-অংশ বাকি থাকে তার উপর বিমাকারী ইউনিট আর্বাণ্টন করে। তবে ইউনিট কেনার জন্যে যে-পরিমাণ প্রিমিয়াম ব্যবহৃত হয়

তা বিভিন্ন প্রোডাক্টে ভিন্ন হয়।

আর্বাণ্টত ইউনিটগুলির মোট আর্খিক মূল্য অবশ্যই প্রদত্ত প্রিমিয়ামের চেয়ে কম, কেননা বিভিন্ন চার্জ প্রথমে সংগৃহীত প্রিমিয়াম থেকে কেটে নেওয়া হয় এবং বাকি ধনরাশি ইউনিট আর্বাণ্টনের জন্য ব্যবহৃত হয়।

প্র. পলিসিটি কেনার পরে কেউ যদি সেটা নিয়ে সন্তুষ্ট না-হয় তাহলে কি প্রিমিয়াম ফেরত চাইতে পারে?

উ. পলিসিধারক যদি পলিসিটির নিয়মকানুন ও শর্তাবলি সন্মুখে সহমত পোষণ না-করে তাহলে পলিসি নথি (ডকুমেন্ট) পাওয়ার 15 দিনের মধ্যে (ফ্রি-লুক পিরিয়ড) প্রিমিয়াম ফেরত চাইতে পারে। ডাক্তারি পরীক্ষা, স্ট্যাম্প ডিউটি এবং কভার পিরিয়ডের জন্য আনুপাতিক প্রিমিয়াম কেটে নিয়ে ইউনিট বাতিলের মাধ্যমে ধার্য চার্জসমূহ সহ ফাণ্ড মূল্য পলিসিধারককে ফেরত দেওয়া হবে।

প্র. নেট অ্যাসেট ভ্যালু (এনএভি) কী?

উ. এনএভি হচ্ছে নির্দিষ্ট দিনে ফান্ডের প্রতিটি ইউনিটের মূল্য। সংশ্লিষ্ট বিমাকারীর ওয়েবসাইটে প্রতিটি ফান্ডের এনএভি প্রদর্শিত হয়।

প্র. পলিসির মেয়াদকালে ঝুঁকির ক্ষেত্রে কী লাভ প্রদেয়?

উ. অ্যাসিয়ার-করা জীবনের ঝুঁকির ক্ষেত্রে পলিসির শর্তাবলি অনুযায়ী সাধারণত অ্যাসিয়ার-করা অঙ্ক এবং / অথবা ফান্ডের মূল্য উপস্বত্বভোগীকে প্রদেয়।

প্র. পলিসির ম্যাচিওরিটিতে কী লাভ প্রদেয়?

উ. পলিসির ম্যাচিওরিটিতে বোনাস (যদি থাকে) সহ ফান্ড ইউনিটসমূহের মূল্য প্রদেয়।

প্র. নিয়মিত প্রিমিয়ামের উপরেও অতিরিক্ত অর্থ বিনিয়োগ করা কি সম্ভব?

- উ. হ্যাঁ, প্রোডাক্টে যদি সেই বৈশিষ্ট্য লভ্য হয় তাহলে কেউ নিজ পছন্দ অনুযায়ী নিয়মিত প্রিমিয়ামের বাইরেও অতিরিক্ত অর্থ বিনিয়োগ করতে পারে। এই সুবিধাকে “টপ আপ” সুবিধা হিসেবে জানা যায়।
- প্র. কোনো ইউলিপ পলিসি কেনার পরে কেউ কি বিনিয়োগ তহবিল (ফান্ড) বদলাতে পারে?
- উ. হ্যাঁ। “সুইচ” বিকল্প বিনিয়োগটিকে এক ফান্ড থেকে অন্য ফান্ডে বদলের সুবিধা দেয়, অবশ্য যদি বৈশিষ্ট্যটি প্রোডাক্টে লভ্য হয়। সাধারণত একটা নির্দিষ্ট সংখ্যক সুইচ বিনামূল্যে কার্যকর হয়, তবে সেই নির্দিষ্ট সংখ্যার অতিরিক্ত সুইচের জন্য ফি চার্জ করা হয়।
- প্র. কোনো আংশিক নগদীকরণ / তুলে নেওয়া (এনক্যাশমেন্ট/উইথড্রয়াল) কি সম্ভব?
- উ. হ্যাঁ, প্রোডাক্টের “আংশিক তুলে নেওয়ার” (“পার্শিয়াল উইথড্রয়াল”) বিকল্প থাকতে পারে যা পলিসিতে বিনিয়োগের একটা অংশ তুলে নেওয়ার সুবিধা দেয়। ইউনিটগুলির একটা অংশ বাতিল করে এটা করা হয়।
- প্র. প্রিমিয়াম প্রদান বন্ধ করলে কী হয়?
- উ. ক) আরম্ভের তিন বছরের মধ্যে বন্ধ--শুরু থেকে অন্তত তিন বছর ধরে লাগাতার সমস্ত প্রিমিয়াম যদি দেওয়া না-হয় তাহলে বিমা কভার তৎক্ষণাৎ বন্ধ হয়ে যাবে। বিমাকারী অনুমোদিত সময়ের মধ্যে তা পুনরুজ্জীবনের একটা সুযোগ দিতে পারে। সেই সময়ের মধ্যে পলিসিটি পুনরুজ্জীবিত করা না-হলে তৃতীয় পলিসি বর্ষের শেষে কিংবা পুনরুজ্জীবনের জন্য অনুমোদিত সময়ের শেষে, যেটা পরে হবে, সারেন্ডার মূল্য প্রদান করা হবে।
- খ) আরম্ভের তিন বছর পরে বন্ধ--পুনরুজ্জীবনের জন্য

অনুমোদিত সময়ের শেষে সারেন্ডার মূল্য প্রদান করে চুক্তিটি বাতিল হয়ে যাবে। যদি পলিসিধারক দ্বারা বেছে নেওয়া হয় তাহলে বিমাকারী বিমা কভার অব্যাহত রাখার সুবিধা দিতে পারে এবং যতক্ষণ ফান্ড মূল্য এক পূর্ণ বর্ষের প্রিমিয়ামের কম না-হয় ততক্ষণ উপযুক্ত চার্জ করতে থাকবে। যখন ফান্ড মূল্য পুরো এক বছরের প্রিমিয়ামের সমান অঙ্কের হবে তখন ফান্ড মূল্য প্রদানের দ্বারা চুক্তিটি বাতিল করা হবে।

গ) 5 বছর লক-ইন কাল যুক্ত পলিসিসমূহ :- যে-সব পলিসি 01-09-2010 তারিখে বা তার পরে কেনা হয়েছে সেগুলির লক-ইন কাল 5 বছর পর্যন্ত বাড়ানো হয়েছে। পলিসি প্রদানে ধারাবাহিকতা ব্যাহত হলে পলিসিধারকের নিম্নলিখিত বিকল্প রয়েছে - i) পলিসিটি পুনরুজ্জীবিত করা অথবা ii) কোনো ঝুঁকি কভার ছাড়ই সম্পূর্ণ প্রত্যাহার।

বাড়তি সময় সমাপ্তির 15 দিনের মধ্যে বিমাকারী উল্লিখিত বিকল্প যুক্ত একটি নোটিশ পাঠাবে। এইরকম নোটিশের 30 দিনের মধ্যে যদি কোনো বিকল্প না-দেওয়া হয় কিংবা (ii) বিকল্প চাওয়া হয় তাহলে ব্যাহত পলিসির অর্থ ফেরত দেওয়া হবে, তবে সেটা লক-ইন কাল সমাপ্ত হওয়ার আগে নয়। লক-ইন কালের মধ্যে তা ব্যাহত হলে ব্যাহত হওয়ার দুই বছরের মধ্যে পলিসিটি পুনরুজ্জীবিত করার অধিকার থাকবে পলিসিধারকের, তবে তা লক-ইন কাল সমাপ্তির পরে নয়।

- প্র. বিনিয়োগ সম্পর্কিত কী তথ্য বিমাকারী পলিসিধারককে দেয়?
- উ. বিমাকারী আর্থিক দৃশ্যপটের সঙ্গে সংশ্লিষ্ট পূর্ববর্তী অর্থবর্ষের জন্য ফান্ডের কার্যকারিতা, বাজারের গতিবিধি ইত্যাদি সমন্বিত বার্ষিক প্রতিবেদন পাঠিয়ে বাধিত হয়, যার মধ্যে ফান্ডের কার্যকারিতা বিশ্লেষণ, ফান্ডের বিনিয়োগ পোর্টফোলিয়ো, বিনিয়োগের কৌশল এবং গৃহীত ঝুঁকি নিয়ন্ত্রণ ব্যবস্থাসমূহ অন্তর্ভুক্ত থাকা উচিত।

আইআরডিএ দ্বারা নির্ধারিত পলিসিধারক সার্ভিসিং টার্নঅ্যারাউন্ড টাইম

পরিষেবা	সর্বাধিক টার্ন অ্যারাউন্ড টাইম
সাধারণ	
প্রস্তাবের প্রক্রিয়া এবং পলিসির চাহিদা / ইস্যু / বাতিল সহ সিদ্ধান্ত জানানো	15 দিন
প্রস্তাবের কপি সংগ্রহ	30 দিন
পলিসি ইস্যু করার পরবর্তী পরিষেবার অনুরোধ যা ক্রেটি / প্রস্তাব-ডিপোজিট ফেরত এবং নন-ক্রেম সংশ্লিষ্ট পরিষেবা সম্বন্ধিত	10 দিন
জীবন বিমা	
সারেভার মূল্য / অ্যানুইটি / পেনশন প্রক্রিয়া	10 দিন
ম্যাচিওরিটি দাবি / সারভাইভাল লাভ / দণ্ডস্বরূপ সুদ প্রদত্ত হয়নি	15 দিন
দাবি দায়ের করার পর দাবির প্রয়োজনসমূহ উত্থাপন	15 দিন
অনুসন্ধানের প্রয়োজন ছাড়া মৃত্যু দাবি মেটানো	30 দিন
অনুসন্ধানের প্রয়োজন সহ মৃত্যু দাবি মেটানো / অস্বীকৃতি	6 মাস
সাধারণ বিমা	
সার্ভে রিপোর্ট দাখিল	30 দিন
বিমাকারক দ্বারা সংযোজন রিপোর্ট চাওয়া	15 দিন
প্রথম / সংযোজন সার্ভে রিপোর্ট পাওয়ার পর দাবি নিষ্পত্তি / বাতিল	30 দিন
অভিযোগসমূহ	
অভিযোগ প্রাপ্তি স্বীকার	3 দিন
অভিযোগ নিষ্পত্তি	15 দিন

5. আপনার যদি কোনো অভিযোগ থাকে :

বিমা বিনিয়ামক ও বিকাশ প্রাধিকরণ (আইআরডিএ)-এর গ্রাহক বিষয়ক বিভাগ ইন্সটিটিউটেড থ্রিভান্স ম্যানেজমেন্ট সিস্টেম (আইজিএমএস) প্রবর্তন করেছে যা অভিযোগসমূহ পঞ্জিয়ন (রেজিস্ট্রেশন) ও খুঁজে বের করার জন্য এক অনলাইন সিস্টেম। প্রথমে আপনাকে অবশ্যই বিমা কোম্পানির কাছে আপনার অভিযোগ রেজিস্টার করতে হবে এবং আপনি যদি কোম্পানির দ্বারা তা নিষ্পত্তিতে সন্তুষ্ট না-হন, তাহলে আপনি www.igms.irda.gov.in-তে গিয়ে আইজিএমএস-এর মাধ্যমে সেটা পাঠাতে পারেন। আপনি যদি বিমাকারকের অভিযোগ প্রণালীতে সরাসরি পৌঁছতে না-পারেন, সেক্ষেত্রে বিমাকারকের কাছে আপনার অভিযোগ রেজিস্টার করার একটা পছা আইজিএমএস আপনাকে প্রদর্শন করে।

আইজিএমএস (অর্থাৎ ওয়েব)-এর মাধ্যমে অভিযোগ রেজিস্টার করা ছাড়াও আপনার আরও কয়েকটি মাধ্যম (চ্যানেল) রয়েছে অভিযোগ রেজিস্টার করার জন্য - ই-মেইলের মাধ্যমে (complaints@irda.gov.in), চিঠির মাধ্যমে (আপনার চিঠি গ্রাহক বিষয়ক বিভাগ, বিমা বিনিয়ামক ও বিকাশ প্রাধিকরণ, ওয় তল, পরিশ্রম ভবন, বশিরবাগ, হায়দরাবাদ-4কে সম্বোধিত করুন) অথবা শুধুই আইআরডিএ কল সেন্টারে টোল-ফ্রি 155255 নম্বরে কল করুন, যার মাধ্যমে আইআরডিএ বিনামূল্যে বিমা কোম্পানির বিরুদ্ধে আপনার অভিযোগ রেজিস্টার করবে এবং তার স্থিতি অনুসন্ধান আপনাকে সাহায্য করবে। কলের ভিত্তিতে কল সেন্টার

অভিযোগের ফর্ম পূরণে সহায়তা করে। এবং যেখানেই প্রয়োজন হয়, এটা সোজা বিমা কোম্পানির কাছে অভিযোগ দায়ের করতে সহায়ক হয়। সেইসঙ্গে বিমা কোম্পানির ঠিকানা, ফোন নম্বর, ওয়েবসাইটের বিবরণ, যোগাযোগের নম্বর, ই-মেইল আইডি প্রভৃতি সম্পর্কিত তথ্য আপনাকে দেয়। আইআরডিএ কল সেন্টার ভারী গ্রাহক ও পলিসিধারকের জন্য ব্যাপক টেলি-কার্যক্ষমতার সঙ্গে একটি প্রকৃত বৈকল্পিক মাধ্যম প্রদান করে এবং সোমবার থেকে শনিবার, সকাল ৪টা থেকে রাত ৪টা পর্যন্ত 12 ঘণ্টা x 6 দিন ধরে হিন্দি, ইংরেজি ও বিভিন্ন ভারতীয় ভাষায় কর্মরত থাকে।

আইআরডিএ-র কাছে যখন কোনো অভিযোগ দায়ের করা হয়, এটা বিমা কোম্পানির সঙ্গে সম্পর্ক স্থাপন ক'রে তা নিষ্পত্তির ব্যবস্থা করে। অভিযোগ নিষ্পত্তির জন্য কোম্পানিকে 15 দিন সময় দেওয়া হয়। প্রয়োজন হলে, আইআরডিএ অনুসন্ধান ও জিজ্ঞাসাবাদ করে। অধিকন্তু, যেখানেই প্রয়োজ্য, রিড্রেসাল অব পাবলিক গ্রিভ্যান্সেস রুলস, 1998-এর শর্তানুযায়ী অভিযোগকারীকে ইনসিওরেন্স ওয়াদ্‌সম্যানের সঙ্গে সম্পর্ক স্থাপনের পরামর্শ দেয় আইআরডিএ।

অস্বীকৃতি

এই পুস্তিকা আপনাকে শুধুই সাধারণ তথ্য প্রদানের উদ্দেশ্যে রচিত এবং পূর্ণাঙ্গ নয়। এটি এক শিক্ষা উদ্যোগ এবং আপনাকে কোনো আইনি পরামর্শ দেয় না।